

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
৩২, বিচারপতি এস.এম. মোর্শেদ সরণি
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.nanl.gov.bd

জাতীয় আরকাইভস এর বাঁধাই শাখা পরিদর্শন প্রতিবেদন।

পরিদর্শনের তারিখ : ২২/০৯/২০২০, সময় : সকাল ১১.০০ ঘটিকা

শাখা : বাঁধাই ও মেরামত

জাতীয় আরকাইভস এর পুরানো নথিপত্র, গেজেট ও দৈনিক পত্রিকা বাঁধাই কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করার জন্য উপপরিচালক(আরকাইভস) কে সঙ্গে নিয়ে বাঁধাই ও মেরামত শাখা পরিদর্শন করি। পরিদর্শনের সময় শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব মোঃ নূর হোসেন চৌধুরী উপস্থিত ছিলেন।

বাঁধাই শাখায় বর্তমানে কর্মরত তিনজন কর্মচারীর মধ্যে ১জন অর্জিত ছুটিতে রয়েছেন। অন্য দুইজন কর্মচারী মার্চ ২০২০ সালের The Financial Express পত্রিকা জুস সেলাই করছেন। উপপরিচালক (আরকাইভস) ২০২০ সালের পত্রিকা কেন বাঁধাই করছে জানতে চাইলে শাখা কর্মকর্তা বলেন, জাতীয় আরকাইভসের সংরক্ষিত সকল পত্রিকা বাঁধাই শেষ হয়ে গেছে। জাতীয় আরকাইভসের ইতিপূর্বের যা ব্যাকলক ছিল তা বাঁধাই সম্পন্ন করে জাতীয় গ্রন্থাগারের ২১১ ভলিউম দৈনিক পত্রিকা বাঁধাই করে দেয়া হয়েছে। কিছু পত্রিকা বাঁধাই ছাড়া খোলা পড়ে থাকতে দেখে কারণ জিজাসা করা হলে হস্তলিপি সহকারী জনাব সাইদুজ্জামান বলেন, দৈনিক ইতেফাক, দৈনিক যুগান্তর এবং The Daily Star পত্রিকা পরিচালকের দপ্তর থেকে বাঁধাই শাখায় দেয়া হয়। আবার একই পত্রিকা আরকাইভসে দ্রুয় করা হয়। ফলে একই পত্রিকা দুইবার যাতে বাঁধাই না হয় তাই দুপ্রিক্ষেপ রোধ করার জন্য এ পত্রিকাগুলো রেখে দেয়া হয়। উপপরিচালক দ্রুয়কৃত পত্রিকাগুলির মধ্যে কোন দিনের পত্রিকা মিসিং থাকলে পরিচালকের দপ্তর থেকে প্রাপ্ত পত্রিকা হতে মিসিং পত্রিকা মিলিয়ে মাস পূর্ণ করে বাঁধাই করার জন্য নির্দেশনা দেন। শাখা কর্মকর্তা আরও জানান, সম্পত্তি পিআইডি থেকে সংগৃহীত পত্রিকাগুলি সংগ্রহ শাখা হতে দেন। শাখা কর্মকর্তা আরও জানান, সম্পত্তি পিআইডি থেকে সংগৃহীত পত্রিকাগুলি সেগুলিও বাঁধাই করা হবে। তিনি ইতিমধ্যে এ তালিকাকরণপূর্বক গবেষণা শাখায় হস্তান্তর করলে পর্যায়ক্রমে সেগুলিও বাঁধাই করা হবে। বাঁধাই শাখার সার্বিক কাজের অবস্থা মোটামুটি বিষয়ে সহকারী পরিচালক (আ:) কে বলেছেন বলে জানিয়েছেন। বাঁধাই শাখার সার্বিক কাজের অবস্থা মোটামুটি সঠিক জনক। শুন্য পদ পূরণ হলে কাজের গতি আরও বাড়বে বলে আশা করা যায়।

শাখা কর্মকর্তা জনাব মোঃ নূর হোসেন চৌধুরী জানান, বাঁধাই শাখায় ৩টি দপ্তরীর পদ রয়েছে। বর্তমানে তিনটি পদই শুন্য। জনবল সংকট এবং করোনা মহামারীর কারণে কাজের গতি কমে গেছে। শুন্য পদ পূরণের অগ্রগতি অবস্থার উত্তরণ ঘটলেই জনবল নিয়োগ চূড়ান্ত করা হবে। এছাড়া শাখা কর্মকর্তা ও কর্মচারীগণ বাঁধাই শাখার জন্য একটি ইলেক্ট্রিক কাটিং মেশিন দ্রুয় করার অনুরোধ করেন। যেকোন উপায়ে এপিএ এর নির্ধারিত লক্ষ্যমাত্রা পূরণ করার নির্দেশনা দিয়ে পরিদর্শন সমাপ্ত করি।

সুপারিশসমূহ :

- (১) পিআইডি থেকে সংগৃহীত পত্রিকাগুলি সংগ্রহ শাখা হতে তালিকাকরণপূর্বক গবেষণা শাখায় হস্তান্তর করার পর
দুট সময়ের মধ্যে এগুলির বাঁধাই কাজ সম্পন্ন করতে হবে।
- (২) জরুরীভিত্তিতে বাঁধাই শাখার অনুমোদিত তিনটি দপ্তরীর শুন্য পদ পূরণ করতে হবে।
- (৩) বাঁধাই শাখার জন্য একটি ইলেক্ট্রিক কাটিং মেশিন ক্রয় করতে হবে।
- (৪) এপিএ-র টার্ফেট বাস্তবায়নে শাখার সার্বিক কাজের গতি আরও বাড়াতে হবে।

৭-২-২০২০
(মেং সুজায়েত উল্যা)
পরিচালক (আরকাইভস)

সদয় অবগতি ও কার্যার্থে :

- ১। মহাপরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা
- ২। উপপরিচালক (আরকাইভস) চ.দা., আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ৩। সহকারী পরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ৪। জুনিয়র মাইক্রোফিল্ম এন্ড ফটোস্ট্যাটিং অফিসার, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা
- ৫। সংশ্লিষ্ট নথি